

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.৪৩১.২১.০৩৭.২৩ নথির বিষয়ঃ Supply, Installation and commissioning of PLC based RTU Telemetry Panel & SCADA System for the Automation of SWIP Chambers under different MODS zone connected with e-PRV of transmission network (Package-03)

নোটঃ ১ নোটের বিষয়ঃ Supply, Installation and commissioning of PLC based RTU Telemetry Panel & SCADA System for the Automation of SWIP Chambers under different MODS zone connected with e-PRV of transmission network (Package-03)

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২১/৮/২৩ ৬:৪১ অপরাহ্ন

ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৮০ কিলোমিটার ডিএনডি খাল রয়েছে। ডিএনডি খাল শীতলক্ষ্যা নদী হতে সায়েদাবাদ পানি শোধনাগারের Raw Water Conveyance এবং Pre-Sedimentation Basin হিসাবে ব্যবহৃত হচ্ছে। শীতলক্ষ্যা নদী হতে “র” ওয়াটার ডিএনডি খালের মাধ্যমে এনে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটারের অধিক পরিমাণে পানি ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইনের মাধ্যমে ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সাপাশো (রক্ষণাবেক্ষণ) বিভাগের মাধ্যমে ডিএনডি খাল ও টুইন বক্স কালভার্ট রক্ষণাবেক্ষণ, সাপাশো প্ল্যান্টের অভ্যন্তরে সিভিল অবকাঠামো মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং পরিশোধিত পানি ট্রান্সমিশনের জন্য ব্যবহৃত ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইনের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ এর প্রায় ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইন বিদ্যমান। যার মাধ্যমে প্রতিদিন ৪৫ কোটি লিটারের অধিক পরিমাণে পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। ঢাকা মহানগরীর পানির চাহিদা পূরণের লক্ষ্যে আরও পানি শোধনাগার নির্মাণ করা হচ্ছে। ইতিমধ্যে সাভার করোনীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট ও পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার হতে ঢাকা মহানগরীতে পানি সরবরাহ শুরু হয়েছে। প্ল্যান্ট গুলোর ট্রান্সমিশন লাইনের সাথে সাপাশো এর ট্রান্সমিশন লাইনের আন্তঃসংযোগ থাকায় সাপাশো এর ট্রান্সমিশন নেটওয়ার্কে পানির প্রেসার বৃদ্ধি পেয়েছে। সাপাশো এর পানির ট্রান্সমিশন লাইনের স্ক্যাভা এর সাহায্যে সার্বক্ষণিক অনলাইন মনিটরিং এবং ফ্লো ও প্রেসার ম্যানেজমেন্টের মাধ্যমে প্ল্যান্ট গুলির পানি মডস জোন সমূহের ডিস্ট্রিবিউশন লাইনে সরবরাহ করা হচ্ছে। সাপাশো ফেজ-১ ও ২, পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার ও সাভার করোনীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট, চাঁদনীঘাট ওয়াটার ওয়ার্কস প্ল্যান্ট সহ অর্থাৎ ০৫ (পাঁচ)টি প্ল্যান্টের উৎপাদিত পানির সৃষ্ট বিতরণ নিশ্চিত করতে প্ল্যান্টগুলোর ডেলিভারি/নেটওয়ার্ক প্রেসার ও পানির ফ্লো রেট সাপাশো এর পানির ট্রান্সমিশন নেটওয়ার্কের স্ক্যাভায় যুক্ত করা হয়েছে। যার ফলে প্রতিদিন অটোমেটিক মেসেজ সার্ভিস এর মাধ্যমে উল্লেখিত ০৫ (পাঁচ) টি প্ল্যান্টের প্রোডাকশন রিপোর্ট ঢাকা ওয়াসার উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পাঠানো হচ্ছে। এছাড়া অত্র বিভাগের মাধ্যমে পাইলটিং হিসেবে মডস জোন-০২ এর DMA Chamber-209A তে communication equipment (RTU), Pressure sensor Transmitter প্রভৃতি স্থাপন করার মাধ্যমে ডিএমএ চেম্বার অটোমেশন করা হয়েছে। যা গত ২৭/০৫/২০২২ইং তারিখ হতে অনলাইনে যাবতীয় তথ্য পাওয়া যাচ্ছে। সে আলোকে সাপাশো নেটওয়ার্কের সাথে সংশ্লিষ্ট মডস জোন সমূহে ডিএমএ চেম্বার অটোমেশনের জন্য পত্র দেয়া হয়েছে। মডস জোন-২ এ স্থাপিত ডিএমএ চেম্বারগুলি সার্ভে করা হয়েছে, সে অনুযায়ী প্রাথমিকভাবে ৫টি DMA SWIP Chamber অটোমেশনের আওতায় আনার জন্য সর্বশেষ ই-জিপি এ প্রাপ্ত সর্বনিম্ন দরের ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্ত ক্রমিক নং-৫) প্রস্তুত করা হয়েছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২১/৮/২৩ ৬:৪২ অপরাহ্ন

আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ ধারা অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহবান মাধ্যমে বর্ণিত কাজটি সম্পাদন করা যেতে পারে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ ধারা অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহবানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD e-PG2-2A/2B অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহবান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২১/৮/২৩ ৬:৪৭ অপরাহ্ন

আলোচ্য কাজটি সম্পাদনের লক্ষ্যে অনুমোদিত দরের ভিত্তিতে এবং টেকনিক্যাল স্পেসিফিকেশন মোতাবেক একটি প্রাক্কলন (সংযুক্ত ক্রমিক নং-৫) প্রস্তুত করা হয়েছে, যাতে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৬২১,২২,৪৩৫/- (একুশ লক্ষ বাইশ হাজার চারশত পয়ত্রিশ মাত্র) টাকা। আলোচ্য কাজের ব্যয়ভার সাপাশো রক্ষণাবেক্ষণ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটের অটোমেশন এন্ড ডিজিটালাইজেশন (কোড ০২-০১-০০৭) খাত হতে বহন করা হবে। যা সাপাশো রক্ষণাবেক্ষণ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত কর্মপরিকল্পনার ক্রমিক নং-৭, প্যাকেজ নং- G-03 এ অন্তর্ভুক্ত আছে।

সংযুক্তিসমূহ (৫):

- ১। সংযুক্ত ক্রমিক নং- ০১। সাপাশো (রক্ষণাবেক্ষণ) বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট ও অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা।
- ২। সংযুক্ত ক্রমিক নং- ০২। সুরিটোলা DMA Chamber-209A এর অটোমেশন কাজের লাইভ ড্যাশবোর্ড।
- ৩। সংযুক্ত ক্রমিক নং- ০৩। আলোচ্য অটোমেশন কাজের অনুমোদিত দরের ফটোকপি।
- ৪। সংযুক্ত ক্রমিক নং- ০৪। আলোচ্য অটোমেশন কাজের প্রয়োজনীয় মালামাল ও কাজের টেকনিক্যাল স্পেসিফিকেশন।
- ৫। সংযুক্ত ক্রমিক নং- ০৫। আলোচ্য অটোমেশন কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২১/৮/২৩ ৬:৫০ অপরাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে Supply, Installation and commissioning of PLC based RTU Telemetry Panel & SCADA System for the Automation of SWIP Chambers under different MODS zone connected with e-PRV of transmission network (Package-03) শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM, e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৮২১,২২,৪৩৫/- (একুশ লক্ষ বাইশ হাজার চারশত পয়ত্রিশ মাত্র) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত প্রাক্কলিত বাজেটের অটোমেশন এন্ড ডিজিটাইজেশন (কোড ০২-০১-০০৭) খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
২১/৮/২৩ ৬:৫৫ অপরাহ্ন মোঃ হাসানুজ্জামান উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২১/৮/২৩ ৯:০২ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২১/৮/২৩ ১১:১৮ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২১/৮/২৩ ১১:১৮ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল (রক্ষণাবেক্ষণ)


অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২২/৮/২৩ ১১:২১ পূর্বাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.3

	
২২/৮/২৩ ১:৩২ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	২২/৮/২৩ ১:৩২ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ২৩/৮/২৩ ৫:০৯ অপরাহ্ন

অনুমোদিত

			
২৩/৮/২৩ ৫:০৯ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	২৩/৮/২৩ ৫:১৪ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৬/১০/২৩ ৪:০৩ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৬/১০/২৩ ৪:০৩ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
			
			২/১১/২৩ ৯:২৬ পূর্বাহ্ন মোঃ হাসানুজ্জামান উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)